



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ জানুয়ারি ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

### মহালছড়িতে রাষ্ট্রীয় বাহিনীর মদতপুষ্ট ঠ্যাঙাড়ে হামলায় নিহত দুই ইউপিডিএফ সদস্যের পরিচয়

আজ ২৪ জানুয়ারি ২০২৪ খাগড়াছড়ি জেলার মহালছড়িতে রাষ্ট্রীয় বাহিনীর মদতপুষ্ট ঠ্যাঙাড়ে হামলায় নিহত দুই ইউপিডিএফ সদস্যের নাম জানা গেছে। এরা হলেন ঘটনাস্থল দুরছড়ি গ্রামের রবি কুমার চাকমা (৬৫) পিতার নাম মৃত প্রিয় মোহন চাকমা ও দাতকুপ্যা গ্রামের বিমল চাকমা ওরফে শান্ত (৫২) পিতার নাম মোহনী মোহন চাকমা।

এছাড়া উক্ত হামলায় রহিন্দু চাকমা ওরফে টিপন (৩২) নামে অপর এক ইউপিডিএফ সদস্য আহত হয়েছেন। তার বাড়ি গুইমারা উপজেলাধীন সিন্দুকছড়ি ইউনিয়নের জগনাপাড়া (পক্ষীমুড়া) গ্রামে।

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের সংগঠক অংগ্য মারমা উক্ত হামলাকে কাপুরুষোচিত ও ন্যাকারজনক বলে নিন্দা এবং অবিলম্বে খুনীদের গ্রেফতার ও ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙে দেয়ার দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।